

উপজেলা শিক্ষা অফিস পুঠিয়া, রাজশাহী	ডকেট নং ১৬/২৫/২০
এ.ইউ.ই.ও (সকল)	জন্ম তারিখ
এ.ইউ.ই.ও (সর্বশ্রেষ্ঠ ক্লাসটার)	পেশা/করণ
উচ্চমান সহকারী	আম্বাণ করণ
হিসাব সহকারী	
অফিস সহকারী	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
রাজশাহী।
Email : dpeorajsh@gmail.com
Web : www.dpe.rajshahi.gov.bd
ফোন : ০৭২১-৭৭২১৮৭



তারিখ : ২৫/০৩/২০২০খ্রিঃ

স্মারক নং: ডিপিও/রাজ/২০২০/৬৭৮(১৩)

বিষয় : মাননীয় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, কর্তৃক ডিডিও কনফারেন্সে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপজেলা শিক্ষা অফিসার পুঠিয়া, রাজশাহী। বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় আমাদের দেশেও করোনা ভাইরাস (Covid-19) এর প্রাদুর্ভাব ঘটেছে। চলমান পরিস্থিতিতে মাননীয় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর ডিডিও বার্তায় প্রদত্ত নির্দেশনাগুলো বাস্তবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বার্তাসমূহ :

১. পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সকল শিক্ষক, ছাত্র/ছাত্রী বাড়ীতে অবস্থান করবে।
২. বাড়ীতে পড়ালেখা অব্যাহত রাখবে।
৩. সকল কার্যক্রম (প্রশিক্ষণ, পাঠদান, বদলী) বন্ধ থাকবে।
৪. জেলা প্রশাসনের সকল নির্দেশনা বাস্তবায়নে সহযোগিতা করতে হবে।
৫. উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও শিক্ষকগণ করোনার ভাইরাস হতে রক্ষার জন্য নির্দেশনাসমূহ প্রতিপালন করবেন।
৬. সকল কর্মকর্তা/কর্মচারীকে কর্মস্থলে অবস্থান করতে হবে।
৭. সচিব মহোদয়ের বার্তা শিক্ষকগণকে অনলাইনের মাধ্যমে জানাতে হবে।
৮. Facebook, সামাজিক মাধ্যম-এ করোনা ভাইরাস সম্পর্কে যে সব সতর্কতা সম্পর্কিত নির্দেশনা/পরামর্শ পাওয়া যাবে তার সঠিকতা যাচাই পূর্বক শেয়ার করতে হবে।
৯. স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
১০. Mobile Phone, Online-এ সকলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
১১. আগামী ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উদযাপনের জন্য জাতীয় পতাকা যথাসময়ে উঠাতে ও নামাতে হবে।
১২. আগে নিজেকে নিরাপদ রাখতে হবে, তারপর পরিবারকে, তারপর সমাজ ও রাষ্ট্রকে নিরাপদ রাখতে হবে।
১৩. ছুটি আরো লম্বা হলে E-content তৈরী করে TV, Youtube বা অন্যভাবে পাঠদানের প্রস্তুতি চলছে। পরবর্তী নির্দেশনা মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
১৪. করোনা (Covid-19) ভাইরাস প্রতিরোধে নিজে সতর্ক হই এবং অন্যকে সতর্ক করি।

উপরোক্ত নির্দেশনাসমূহ মেনে চলুন, সবাই নিরাপদ ও সুস্থ থাকুন। মহান আল্লাহ রাব্বুল আলামীন আমাদের সকলের সহায় হইন।

স্বাক্ষরিত/-
২৫/০৩/২০২০
(মোঃ আব্দুস সালাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
রাজশাহী।

উপজেলা শিক্ষা অফিসার (সকল)
....., রাজশাহী।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. জেলা প্রশাসক, রাজশাহী।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. অফিস নথি।